



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
এবং
সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯-জুন ৩০, ২০২০

সূচিপত্র

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের রূপকল্প (**Vision**), অভিলক্ষ্য (**Mission**), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (**Outcome/ Impact**)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (**Acronyms**)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাসআবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তরের উপর নির্ভরশীলতা

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র :

(Overview of the Performance of the Education Engineering Department)

সাম্প্রতিক অর্জন (Recent Activitiest

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

* সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিগত তিন অর্ধবছরে সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ১২১৮৮টি শ্রেণি কক্ষ নির্মিত হয়েছে। তাছাড়া সরকারি-বেসরকারি কলেজ সমূহে ৮০৪৩টি শ্রেণি কক্ষ নির্মাণ করা হয়েছে (৬৮৯টি পরীক্ষাকেন্দ্র, ৬৮৯টি কেবিন, ৬৮৯টি সভাকক্ষ, ৬৮৯টি আইসিটি ল্যাব ও ৫২৮৭টি শ্রেণি কক্ষ)। অনগ্রসর এলাকায় ৭৪৮টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ২২৪৫টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। ছাত্রীদের আবাসনের জন্য সরকারি কলেজসমূহে ৫৭টি হোস্টেল নির্মাণ করা হয়েছে। সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৯৯৩১টি ভবন মেরামত ও সংস্কার করা হয়েছে। ছাত্রীদের জন্য ২৮৩৩টি টয়লেট এবং প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য ২০২৮টি র‍্যাম্প নির্মাণ করা হয়েছে। ইহা ছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় স্কুল কলেজ, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় মাদরাসায় ভবন নির্মাণ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় ভকেশনাল ইনস্টিটিউট, পলিটেকনিক ইনস্টিটিউট ও ইঞ্জিনিয়ারিং কলেজের ভবন নির্মাণ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতায় বিভিন্ন ভবন নির্মাণ করা হয়েছে। ৮৪০০টি মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।

সমস্যা (Limitations) ও চ্যালেঞ্জসমূহ (Challenges):

জমি সংক্রান্ত জটিলতা ও মামলা জনিত কারণে প্রকল্পের কাজ শুরু করতে বিলম্ব হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা (Future Plan):

নাগরিক সেবায় উদ্ভাবন প্রতিনিয়ত হালনাগাদকরণ, ই-টেন্ডার এর মাধ্যমে নির্মাণ কার্যক্রম সম্পাদন এবং ই- নথি বাস্তবায়ন। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ, নারী শিক্ষা উন্নয়নে বেসরকারি বালিকা বিদ্যালয়সমূহের উন্নয়ন, নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পরীক্ষাকেন্দ্র হিসাবে ব্যবহৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর নির্মাণ, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে UNICEF এর মানদণ্ড অনুযায়ী স্যানিটেশন ব্যবস্থা উন্নতকরণ। ছেলে ও মেয়েদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থাকরণ, প্রতিবন্ধী ছাত্র ছাত্রীদের জন্য র‍্যাম্প ও টয়লেট নির্মাণ, সুপেয় পানি, পর্যাপ্ত আলো বাতাসের জন্য ঘুলঘুলি, প্রসস্ত বারান্দা, এবং প্রকৃতির সাথে সম্পর্কযুক্ত আধুনিক সুযোগ সুবিধাসম্পন্ন ভবন নির্মাণ ও নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার এবং আধুনিকীকরণ।

২০১৯-২০২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ :

- মাধ্যমিক পর্যায়ে ৩২০০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ।
- মাধ্যমিক পর্যায়ে ৩৭০০টি ভবন মেরামত ও সংস্কার।
- মাধ্যমিক পর্যায়ে ৭৩৯৮টি নতুন শ্রেণিকক্ষ সম্প্রসারণ।
- উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪০০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ।
- অনগ্রসর এলাকায় ৩২০টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ।
- ছাত্রীদের জন্য ৩০৯১টি টয়লেট নির্মাণ।
- প্রতিবন্ধীদের জন্য ৭৩৪টি র‍্যাম্প নির্মাণ।